

বারিশালে ছাত্র সংঘর্ষে
৩৬ জন আহত
১৫ জন গ্রেফতার
বারিশাল প্রতিনিধির টেলিফোন
গতকাল (শনিবার) সকালে শহরে
জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় ছাত্র
কবীর হত্যার প্রতিবাদে স্থানীয়
শিক্ষা প্রতিষ্ঠানগুলিতে ধর্মঘটের
(২য় পৃ: প্র:)

১৩৪

বারিশালে
(১ম পৃ: পর)
সময় আয়োজিত মিছিল চলাকালে
ছাত্রদের মধ্যে দুই দল সংঘর্ষে ৩৬
জন আহত হয়। পুলিশ ছাত্র
শিবিরের ১৪ জন ও ছাত্রদের
একজনকে গ্রেপ্তার করে। সংঘর্ষ
চলাকালে ইট পাটকেল নিক্ষেপ
ও বোমাবাজির ঘটনা ঘটে। সদর
রোড হইতে বগুরা রোডের বোড
পর্যন্ত সকল দোকানপাট বন্ধ এবং
যানবাহন-চলাচল বন্ধ থাকে।
২২টি ছাত্র সংগঠনের পক্ষ
হইতে বলা হয়, মিছিলের উপর
ছাত্র শিবিরের কর্মীরা হামলা
চালায়। বিকালের মিছিলে আবারও
ঘটনার পুনরাবৃত্তি ঘটে। এই হামলায়
ছয়জন নেতা ও কর্মী আহত হয়।
শিবিরের পক্ষ হইতে বলা
হয়, ২২টি ছাত্র সংগঠন সকালে
ও বিকালে তাহাদের অফিস ও
কর্মীদের উপর হামলা চালাইলে
তাহাদের ৩০ জন কর্মী আহত
হয়।
পুলিশ জানায়, গ্রেফতারকৃত
ছাত্রদের বিরুদ্ধে মামলা দায়ের
করা হইয়াছে।